রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী
সাধারণ প্রশাসনিক শাখা
erajshahi.portal.gov.bd

# আগামী ০২ মার্চ ২০২৫ তারিখ রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকায় (সিটি হল এ্যানেক্স ভবন) অনুষ্ঠিত গঠিত কমিটির ৪র্থ সভার কার্যপত্রঃ

(১) গত ০১-১২-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৩য় সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ।

ক) গত ১০ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৩য় সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠান্তে দৃঢ়ীকরণ প্রস্তাব অনুমোদন।

খ) বেসরকারি হোল্ডিং এর ভাড়া নির্ধারণের ক্ষেত্রে পাঁকা আবাসিক ১.২০ (এক টাকা বিশ পয়সা) টাকা এর স্থলে ১.০০ (এক) টাকা নির্ধারনের সংশোধনীসহ গত ২৮-১১-২০২৪ তারিখে খ্রি. তারিখে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি ১৮ (আঠারো) টি গৃহিত প্রস্তাব অনুমোদন।

গ) নগরীর বিভিন্ন এলাকার কিছু কিছু ড্রেনসমূহ অপরিষ্কার রয়েছে। উক্ত ড্রেনসমূহ পরিষ্কার রাখার পাশাপাশি মহানগরীর নাগরিকবৃন্দকে ড্রেন পরিষ্কার রাখার বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম সংশোধনীসহ গত (ক) ২৩-০৫-২০২৪ তারিখে মূলতবি সভা ও ২৬-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভা ও (খ) ১৯-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির ০৪ (চার) টি গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঘ) ০৬-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির ১২ (বারো) টি গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঙ) ০৫-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটির সভার গৃহীত ০৪ (চার) টি গৃহীত প্রস্তাব অনুমোদন।

চ) ২৭-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটির সভার গৃহীত ০৬ (ছয়) টি গৃহীত প্রস্তাব অনুমোদন।

ছ) । (১) (ক) শাপলা সুপার মার্কেট, (খ) সাহেব বাজারস্থ বৈশাখী বাজারের ২য় ফ্লোরে ০১ (এক)টি ৫ম ও ৬ষ্ঠ ফ্লোরে (ওপেন স্পেসে) বরাদ্দ ও (গ) সিটি সেন্টার মার্কেটের সমস্যা নিরসন বিষয়ে আলোচনান্তে মার্কেট সমূহে প্রকৃত সমস্যা নিরুপন এবং সমস্যা সমাধানের সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন-১) কে আহবায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠনের গৃহীত প্রস্তাব অনুমোদন।

কমিটির রুপরেখা ঃ

১। নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন-১), রাজশাহী সিটি কর্পোরেশন -- আহবায়ক।
২। প্রধান কর নির্ধারক (ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন -- সদস্য।
৩। সম্পত্তি কর্মকর্তা রাজশাহী সিটি কর্পোরেশন -- সদস্য-সচিব।

ঙ) (ঘ) বহরমপুর রেল গেটে অবস্থিত সিমলা সুপার মার্কেটের ২য় ও ৩য় তলা (ওপেনস্পেস) বরাদ্দ ও বিভিন্ন সমস্যা, (ঙ) হড়গ্রাম সুপার মার্কেটের ৩য় তলার ২০১৫ সালে বরাদ্দকৃত ০৮ (আট) টি দোকানের ভাড়া সংক্রান্ত বিষয়, (চ) বিনোদপুর বাজারের ২য় ও ৩য় তলার বরাদ্দের বিষয়ে, স্বপ্নচুড়া প্লাজার সমস্যা বিষয়ে আলোচনা, (ছ) ছোটবনগ্রাম বিজিবি মার্কেটের বরাদ্দ ও সমস্যা বিষয়ে আলোচনান্তে মার্কেট সমূহে প্রকৃত সমস্যা নিরুপন এবং সমস্যা সমাধানের সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা)কে আহবায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠনের গৃহীত প্রস্তাব অনুমোদন।

কমিটির রুপরেখা ঃ

১। নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), রাজশাহী সিটি কর্পোরেশন -- আহবায়ক।
২। রাজস্ব কর্মকর্তা(ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন -- সদস্য।
৩। সম্পত্তি কর্মকর্তা রাজশাহী সিটি কর্পোরেশন -- সদস্য-সচিব।

ট) বে-সরকারী হোল্ডিং সমূহের ভাড়ার রেইট নির্ধারণের লক্ষ্যে ২১ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠান্তে অনুমোদনের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঠ) মহানগরীর রোড সমুহে গাছে পানি ছিটানোর জন্য ০১টি গাড়ী ব্যবহৃত হয়। বর্তমান অবস্থার প্রেক্ষাপটে উক্ত গাড়ী দ্বারা সার্বিক কার্যক্রম সংশোধনীসহ গত ২০-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির সভার গৃহীত ০৩ (তিন) টি প্রস্তাব অনুমোদন।

ড) অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখা ও নগর ভবনস্থ মিডল্যান্ড ব্যাংক শাখাকে পৃথক বৈদ্যুতিক মিটার ব্যবহার করার বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঢ) নিবন্ধিত গর্ভবতী মায়েদের সংখ্যার সঙ্গে ওয়ার্ড ভিত্তিক জন্ম নিবন্ধনের মিল পাওয়া না গেলে দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীর বিরুদ্ধে চাকরি বিধিমতে ব্যবস্থা গ্রহণের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ণ) গত ২৮-১০-২০২৪ তারিখের দোকান বরাদ্দ কমিটির সভার ৩ 'খ' এর সুপারিশ গ্রহণ এবং বাস্তবায়নের জন্য আবেদনকারীর সহিত রাজশাহী সিটি কর্পোরেশনের সমঝোতাপূর্বক চুক্তি সম্পাদনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত) কে ক্ষমতা অর্পনের গৃহীত প্রস্তাব অনুমোদন।

চ) ঃ "Digitalization of e-services at Rajshahi City Corporation" সফ্টওয়ারের সাথে মোবাইল ব্যাংকিং এর পেমেন্ট ইন্টিগ্রেশনের জন্য API সংগ্রহের বিদ্যমান সেবাসমূহের অনলাইন ফি সংগ্রহের জন্য অগ্রণী ও সোনালী ব্যাংক এবং নগদ, বিকাশ, রকেট এর মাধ্যমে পেমেন্ট গ্রহনের নিমিত্ত API সংগ্রহের জন্য পত্র প্রেরনের বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন।

২। শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পারিকল্পনা স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির গত ১৪-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। [ (১) হিউম্যানপ্যাপিলোমা ভাইরাস ( এইচপিভি) টিকাদান ক্যাম্পেইন ২০২৪ প্রতিরোধ কার্যক্রমের অংশ হিসেবে মুল্যবান টিকার অপচয় রোধকল্পে লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে টিকা সম্পন্নকরণের সর্বাত্মক সহযোগিতার জন্য সুপারিশ গ্রহণ (২) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা পদটি ৫ম গ্রেডে উন্নীকরনের সুপারিশ। (৩) সিটি হাসপাতালের সেবা কার্যক্রম বৃদ্ধি এবং আধুনিকায়নের জন্য নিম্নলিখিত মালমাল ক্রয়ের সুপারিশ গৃহীত হয়।

| ক্র নং | বিবরণ | চাহিদার পরিমান | প্রাক্কলন |
|---|---|---|---|
| ০১ | এ্যাম্বুলেন্স মেরামত | মেরামত | |
| ০২ | সেলকাউন্টার (০৫ পার্ট) | ০১টি | ৮,০০,০০০/- |
| ০৩ | বায়োকেমিষ্ট্রি এনালাইজার | ০১টি | ৩,৫০,০০০/- |
| ০৪ | মাইক্রোস্কোপ (এল ই ডি) | ০১টি | ১,৫০,০০০/- |
| ০৫ | ল্যাব ব্রোটেটর | ০১টি | ২০,০০০/- |
| ০৬ | ওয়াটার বাথ | ০১টি | ২০,০০০/- |

৩। কর্পোরেশনের দাপ্তরিক প্রয়োজনে কম্পিউটার/ইলেক্ট্রিক্যাল সামগ্রী ক্রয় এবং ফুটপাত সংলগ্ন ড্রেনের ঢাকনা প্রতিস্থাপন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গত ০৫ আগস্ট দেশব্যাপী উদ্ভুত উত্তাল পরিস্থিতিতে আইনশৃঙ্খলা পরিস্থিতি চরম উদ্বেগজনক অবস্থায় নগরভবন বহিরাগতদের আকস্কিক অনুপ্রবেশে অন্যান্য মালামালসহ ১৭৩ টি কম্পিউটার ও ১০৩টি প্রিন্টার লুট হয়ে যায়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাথে সংশ্লিস্ট ছাত্র সমন্বয়কগণ এবং অন্যান্যদের সহযোগিতায় ১৩২ টি কম্পিউটার ও ৫৫টি প্রিন্টার উদ্ধার হয়েছে। সেগুলি নাজুক অবস্থায় ব্যবহৃত হচ্ছে। অপ্রতুলতা ও বিশেষ চাহিদা বিবেচনা ৩১টি কম্পিউটার ও ২৩টি প্রিন্টার চাহিদা (প্রাক্কলিত মূল্য ২৪,৭৬,১৬৮.৫০ চব্বিশ লক্ষ ছিয়াত্তর হাজার একশত আটষট্টি টাকা পঞ্চাশ পয়সা) পূরণ করা হলে প্রকৌশল বিভাগসহ অন্যান্য বিভাগের দাপ্তরিক ও প্রযুক্তিগত কাজের সুবিধা হবে।

নগর ভবনে যে সকল রুমে বৈদ্যুতিক লাইনসহ ইলেকট্রনিক্স সামগ্রী ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলি ক্রয় ও মেরামত বাবদ ৪৩,৪৮,৬১২.৯০ (তেতাল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত বারো টাকা নববই পয়সা) টাকা। তাছাড়া ফুটপাথ/ড্রেনের ধারে ঢাকনা স্ল্যাব চুরি হতে থাকে। এ বিষয়ে থানায় জিডিও করা হয়। নগর বাসীর নিরাপদ চলাচল ও দুর্ঘটনা প্রতিরোধে স্ল্যাবগুলি পুনঃস্থাপন করার আবেদন এসেছে। এ বিষয়ে এসংক্রান্ত খবর প্রকাশিত হয়েছে। বিভিন্ন সংবাদপত্র, টিভিচ্যানেলে একাধিকবার রির্পোট হয়েছে। কাটাখালি-তালাইমারী, পারিজাত লেক হতে নওদাপাড়া, বন্ধগেট হতে সিটিহাট ইত্যাদি বিভিন্ন সড়কে ড্রেনের ঢাকানা লুটপাট হয়েছে। বন্ধগেট হতে সিটিহাট সড়কে ড্রেনের ধারে ঢাকনা স্ল্যাব পুনঃস্থাপনে প্রাক্কলন নেয়া হয়েছে। ডেকোরেটিভ উন্নতমানের প্লাস্টিক ফাইবার দ্বারা তৈরী ৭০০টি স্ল্যাব ক্রয় ও স্থাপন বাবদ ১,৬৪,৫৩,৮৯২.০০ টাকা এগুলি চুরিহলেও বাজার বিক্রয়মূল্য না পাওয়ার কারণে চুরি হবেনা বলে আশা করা যায়। এছাড়া মহানগরীর বিভিন্ন স্থান সমূহে আরসিসি ঢালাই ৫০০টি স্ল্যাব নির্মাণ ও স্থাপন বাবদ ২২,৮৫,২৯১.৬১ টাকা এবং সহ সর্বমোট ১,৮৭,৩৯,১৮৩.৬১ টাকা ব্যয় হতে পারে। নগর ভবনসহ নিজেস্ব স্থাপনা সংস্কারে নিজস্ব তহবিল হতে ব্যয়ের জন্য মন্ত্রণালয়ের পরামর্শ রয়েছে। PPR-2008 অনুসরণে

৪। নগর ভবন সংস্কার প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গত ০৫ আগস্ট ছাত্রজনতা গণঅভ্যুত্থানের সময় ও পরবর্তীতে সারা দেশের ন্যায় নগরভবনসহ রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব স্থাপনায় ভ্যাংচুর, অগ্নিসংযোগ, লুটপাট সংগঠিত হয়। নগরভবনসহ নগরভবনের বাহিরে নিজস্ব স্থাপনা ও সিটি কর্পোরেশনের ব্যয়ে নির্মি তপুলিশ বক্স, ওয়ার্ড কার্যালয় ও সিডিসি বিল্ডিং ইত্যাদি সংস্কারের জন্য নিরুপিত ক্ষয়ক্ষতির ব্যয় প্রকল্পভূক্ত করলেও মন্ত্রণালয় হতে নিজ ব্যয়ে সংস্কার করার পরামর্শ দেওয়া হয়। সে প্রেক্ষিতে নগরভবনের মাননীয় মেয়র/প্রশাসক এর কার্যালয়, কাউন্সিলরকক্ষ, সরিৎ দত্ত গুপ্ত নগরসভাকক্ষ, এনেক্স

হলরুম, বিভাগীয় প্রধানসহ অন্যান্য কর্মকর্তাগণের কক্ষসংস্কার ও আসবাবপত্র ক্রয়ের জন্য ছোট ছোটআকারে ব্যয় না কওে পর্যায়ক্রমে ফ্লোরভিত্তিক বা প্রয়োজন অনুসারে লটআকারে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য ব্যয় বরাদ্দ রাখা প্রয়োজন। বর্তমানে মেয়র/প্রশাসকের কার্যালয় সম্পূর্ন, সাধারণ/সংরক্ষিত কাউন্সিলরগণের কক্ষ এবং নাগরিক সেবা কেন্দ্র ও নাগরিক ইউটিলিটি বিল পরিশোধ কাউন্টারের আর্কিটেকচ্যারাল নকশাঁর কাজ চলমান এর পর প্রাক্কলনসহ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা যায়।

৫। ওয়ার্ড পর্যায়ে নাগরিক সেবা নিশ্চিতকরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ক) নাগরিক সনদ, (খ) ওয়ারিশন সনদ, (গ) বিভিন্ন প্রকার প্রত্যয়ণ পত্র, (ঘ) জন্ম-মৃত্যু নিবন্ধন ও সংশোধন, (চ) নতুন ভোটারের প্রত্যয়ন, (ছ) গোরস্থান রশিদে স্বাক্ষর

৬। নগর ভবন গ্রীণ প্লাজা চত্বর ব্যবহার প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : নগর ভবনের পশ্চিমে মাষ্টার প্ল্যানে গ্রীণপ্লাজা দেখানো রয়েছে। সে অবস্থায় রাখার জন্য কোন প্রকার মেলা, এক্সিবিশন ইত্যাদিতে কোন ব্যক্তি, গোষ্ঠী, প্রতিষ্ঠান কে ভাড়ায় দেওয়া থেকে বিরত থাকা প্রয়োজন। এটিকে সুরক্ষিত রাখতে সবুজ ঘাসদ্বারা লেন তৈরী এবং সীমানার ভিতর ধরে বেঞ্চ স্থাপন এবং গ্রীন প্লাজার পূর্বদিকে মূলবিল্ডিং লাগোয়া লো-হাইট স্টেইজ ইলেক্ট্রি ফিকেশন অপসনসহ একটি ব্যাকড্রপের স্থায়ী কাঠামো স্থাপন করা যেতে পারে। এটি শুধুমাত্র মেয়র প্রশাসকের নাগরিক সমাবেশ/সম্বর্ধনা ইত্যাদি নিজস্ব কর্মসূচী আয়োজনে নির্ধারিত থাকা বাঞ্চনীয়। এ বিষয়ে সকলে একমত পোষনকরেন।

গ্রীন প্লাজা সবুজায়নে বেষ্টিতকরে ছোট ছোট বসার বেঞ্চ, স্টেইজ কাঠামো নিজ ব্যয়ে স্থাপন এবং শুধুমাত্র সিটি কর্পোরেশনের নিজস্ব কর্মসূচী বাস্তবায়নের জন্য সংরক্ষিত রাখারসিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্র নং | মেলার নাম | মেলা শুরু তারিখ | মেলা শেষ তারিখ | মোট দিন | মোট আয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | পুস্প প্রদশর্নী ও শিল্প সংস্কৃকি মেলা | ২৬-০১-২৪ | ২৬-০২-২৪ | ৩২ | ৩,২০,০০০/- | |
| ০২ | বিসিক উদ্যোক্ত মেরা | ০১-০৩-২৪ | ১০-০৩-২৪ | ১০ | ১,০০,০০০/- | |
| ০৩ | মৃৎ শিল্প উদ্যোক্ত মেলা | ১৩-০৪-২৪ | ১২-০৫-২৪ | ৩০ | ৩,০০,০০০/- | |
| ০৪ | কারু শিল্প উদ্যোক্ত মেলা | ১৫-০৫-২৪ | ২৯-০৫-২৪ | ১৫ | ১,৫০,০০০/- | |
| ০৫ | ক্ষুদ্র পন্য ও বাণিজ্য মেলা | ০১-১০-২৪ | ৩১-১০-২৪ | ৩১ | ৩,১০,০০০/- | |
| ০৬ | উনসাই প্রদর্শনী মেলা | ০৭-১১-২৪ | ০৯-১১-২৪ | ০৩ | ৩০,০০০/- | |
| ০৭ | তাঁতবস্ত্র ও কুটির মিল্প মেলা | ১৫-১১-২৪ | ১৫-১২-২৪ | ৩১ | ৩,১০,০০০/- | |
| ০৮ | তাঁতবস্ত্র ও কুটির মিল্প মেলা | ১৬-১২-২৪ | ৩০-১২-২৪ | ১৫ | ১,৫০,০০০/- | |
| ০৯ | শতিবস্ত্র ও ক্ষুদ্র পণ্য মেলা | ০৩-০১-২৫ | ০৪-০২-২৫ | ৩১ | ৩,১০,০০০/- | |
| সর্বমোট = | | | | | ১৯,৮০,০০০/- | |

০১ জানুয়ারি ২০২৪ তারিখ হতে ০৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত মোট আয় হয়েছে ১৯,৮০,০০০.০০ (উনিশ লক্ষ আশি হাজার) টাকা।

৭। অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্য বকেয়া পরিশোধ প্রসঙ্গে।

ক) ছুটি নগদায়ন/ল্যাম্প গ্রান্ট বিলঃ

| ক্র নং | কর্মচারীর নাম | পদবী | পিআরএল তারিখ | মোট বিল | রিশোধকৃত বিল | অবশিষ্ট বিল |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ মহসিন আলী | কার্য সহকারী | ০৯-০৮-২০২৪ | ৪,৯১,৪০০০.০০ | | ৪,৯১,৪০০০.০০ |
| ০২ | মোঃ লূৎফর রহমান | বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তঅ | ০৭-১০-২০২২ | ৯,৪৪,৬৮০.০০ | | ৯,৪৪,৬৮০.০০ |
| ০৩ | মোঃ মঞ্জুরুল আলাম | প্রধান এ্যাসেসর | ২০-১১-২০২৪ | ১০,৩৫,১৮০.০০ | | ১০,৩৫,১৮০.০০ |
| ০৪ | মোসাঃ ফাতেমাতুজজোহরা | এম এল এস এস | ১৮-১০-২০২৪ | ৩,৫৫,৮৬০.০০ | | ৩,৫৫,৮৬০.০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৫ | মোঃ সামশুল আলম | কার্য সহকারী | ২৫-০৯-২০২৪ | ৪,৯১,৪০০.০০ | | ৪,৯১,৪০০.০০ |
| ০৬ | মৃতঃ কামাল হোসেন | এম এল এস এস | ০৭-১১-২০২৪ | ৩,৫৫,৮৬০.০০ | | ৩,৫৫,৮৬০.০০ |
| ০৭ | সৈয়দ সাইদ আহম্মেদ | সহকারী প্রকৌশলী | ১১-০৮-২০২৪ | ৬,৩৪,০০৩.০০ | | ৬,৩৪,০০৩.০০ |
| | | | | | মোট | ৪৩,০৮,৩৮৩.০০ |

খ) মৃতঃ কর্মকর্তা/কর্মচারীরগণের আনুতোষিক/গ্রাচুয়েটির বিলঃ

| ক্র নং | কর্মচারীর নাম | পদবী | মৃত্যুর তারিখ | মোট বিল | রিশোধকৃত বিল | অবশিষ্ট বিল |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মৃতঃ কামাল হোসেন | এম এল এস এস | ০৭-১১-২০২৭ | ২০,৪৬,১৯৫.০০ | | ২০,৪৬,১৯৫.০০ |
| | | | | | মোট | ২০,৪৬,১৯৫.০০ |

গ) অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীরগণের আনুতোষিক/গ্রাচুয়েটির বিলঃ

| ক্র নং | কর্মচারীর নাম | পদবী | অবসরের তারিখ | মোট বিল | রিশোধকৃত বিল | অবশিষ্ট বিল |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ রেয়াজাত হোসেন | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) | ১৬-০৮-২০২২ | ৭১,০১,৬৯৩.০০ | | ৭১,০১,৬৯৩.০০ |
| ০২ | মোঃ শামসুদ্দিন হায়দার | সহকারী প্রকৌশলী | ০৭-১১-২০২৩ | ৫৬,৬৮,৬৯৫.০০ | | ৫৬,৬৮,৬৯৫.০০ |
| ০৩ | মোসাঃ সাবিনা খাতুন | এম এল এস এস | ০৩-০৮-২০২৪ | ২১,৪৮,৬৬০.০০ | | ২১,৪৮,৬৬০.০০ |
| ০৪ | মোসাঃ ফিরোজা বেগম | স্বাস্থ্য সহকারী | ০৪-০৮-২০২৪ | ২৭,৫২,০৬৫.০০ | | ২৭,৫২,০৬৫.০০ |
| ০৫ | মোঃ আব্দুল লতিফ | স্ট্রিট লাইট মিস্ত্রি | ৩১-০৮-২০২৪ | ২৫,৫০,০০০.০০ | | ২৫,৫০,০০০.০০ |
| ০৬ | মোঃ মাইনুল হক | অফিস সহকারী | ৩১-১০-২০২৪ | ২৮,২৫,৫৫০.০০ | | ২৮,২৫,৫৫০.০০ |
| ০৭ | মোঃ লূৎফর রহমান | বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা | ০৭-১০-২০২২ | ৫৭,০৩,৮৮৫.০০ | | ৫৭,০৩,৮৮৫.০০ |
| ০৮ | মোঃ উজির আলী | এম এল এস এস | ২৩-০১-২০২৪ | ২০,৪৬,১৯৫.০০ | | ২০,৪৬,১৯৫.০০ |
| ০৯ | মোঃ আসলাম আলী | | ২৭-০১-২০২৫ | ২৫,৫৪,৩৮০.০০ | | ২৫,৫৪,৩৮০.০০ |
| | | | | | মোট বিল | |

মোট (৪৩,০৮,৩৮৩.০০ + ২০,৪৬,১৯৫.০০ + ২,৮৭,০৯,৫৪৮.০০) = ৩,৫০,৬৪,১২৬.০০

**৮। সিটি কর্পোরেশনের চলমান উন্নয়ন প্রকল্প সমূহের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

আলোচনা: রাজশাহী মহানগরীতে জিওবি'র অর্থায়নে একনেক অনুমোদিত"রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠা মোর উন্নয়ন"শীর্ষকপ্রকল্প, পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুমোদিত "হযরত শাহ মখদুম রুপোশ (র.) দরগাহ শরীফের উন্নয়ন", "শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান এঁর সমাধি সৌধনির্মাণ" এবং বিশ্বব্যাংকের অর্থায়নে" লোকাল গভারমেন্ট কোভিড-১৯ রেসপনস এ্যান্ডরিকভারি প্রজেক্ট"চলমান রয়েছে। নিম্ন ছকে প্রকল্পগুলির বিবরণদি দেয়া হলো:

| ক্র. নং | প্রকল্পেরনাম | প্রাক্কলিতব্যয় (কোটি টাকায়) | বাস্তবায়নের মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামোর উন্নয়ন | ২৯৩১.৬১ | ডিসেম্বর, ২০২৬ (প্রস্তাবিত) | প্রকল্পের আওতায় ৩৫টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। |
| ০২ | হযরত শাহ মখদুমরুপোশ (র.) দরগাহ শরীফের উন্নয়ন (১ম সংশোধিত) | ২৪.৮৪ | ডিসেম্বর, ২০২৫ | প্রকল্পের আওতায় ০১টি প্যাকেজে মাজার ও মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে। |
| ০৩ | লোকাল গভারমেন্ট কোভিড-১৯ রেসপনস এ্যান্ড রিকভারি প্রজেক্ট | ৫৩.৮৬ | ডিসেম্বর, ২০২৫ | প্রকল্পের আওতায় ০৩টি প্যাকেজের কাজ চলমান রয়েছে এবং ০৮টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। |
| ০৪ | শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান এঁর সমাধি সৌধনির্মাণ | ২৮.৭৬ | ডিসেম্বর, ২০২৫ | প্রকল্পটি স্থগিতরয়েছে। স্থায়ীভাবে স্থগিত বিষয়ে পিএসসি সভা আহ্বান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | কার্যক্রম চলমান রয়েছে। |

## ০১. "রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠা মোর উন্নয়ন" শীর্ষকপ্রকল্পের মৌলিক তথ্য:

| | | |
|---|---|---|
| প্রকল্পেরনাম | : | রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামোর উন্নয়ন |
| প্রকল্পব্যয় | : | সর্বমোট: ২৯৩১.৬১<br>জিওবি: ২৬৩৮.৪৫<br>আরসিসি: ২৯৩.১৬ |
| প্রকল্প বাস্তবায়ন মেয়াদ | : | জুন, ২০২৬ (প্রস্তাবিত) |
| ব্যয় (২০২৪-২০২৫ অর্থ বছরপর্যন্ত) | : | ১৯৭০৬৫.৩১ লক্ষটাকা |
| প্রকল্পের ভৌত অগ্রগতি | : | ৭০% |
| | | বর্ণিত প্রকল্পের আওতায় পূর্ত কাজের সর্বমোট ২০৯টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়। ১৭৫টি প্যাকেজের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ৩৫টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। |
| প্রকল্পেরআর্থিক অগ্রগতি | : | ৬৭% |

**চলমান কাজের অগ্রগতি:**

**ফ্লাইওভার নির্মাণ: প্যাকেজসংখ্যা ০৫টি**

| ক্র. নং | কাজেরনাম | চুক্তিমূল্য (কোটি টাকায়) | বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০১ | বন্ধগেট মোড় রেলক্রসিং-এ ফ্লাই ওভার নির্মাণ। | ৮৯.৬৯ | ডিসেম্বর, ২০২৫ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ২৩%। ১০১টি পাইল নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ২৪টি পাইল ক্যাপের মধ্যে ১৯টি পাইল ক্যাপের কাজ সম্পন্ন হয়েছে অবশিষ্ট ৫টি পাইল ক্যাপসহ পায়ার, পায়ার ক্যাপ ও বক্স গার্ডার নির্মাণ কাজ চলমান রয়েছে। |
| ০২ | নতুন বিলসিমলা রেলক্রসিং-এ ফ্লাইওভার নির্মাণ। | ৭৯.৫৯ | ডিসেম্বর, ২০২৫ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ২৫%। ৮৮টি পাইল ও ২১টি পাইল ক্যাপের সবগুলি পাইল ও পাইল ক্যাপ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ২১টি পায়ার ও ৬টি পায়ার ক্যাপ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে অবশিষ্ট পায়ার ক্যাপ ও বক্স গার্ডার নির্মাণ কাজ চলমান রয়েছে। |
| ০৩ | হড়গ্রাম নতুনপাড়া সিটি বাইপাস সড়কে রেলক্রসিং-এ ফ্লাইওভার নির্মাণ। | ৭৬.২৮ | ডিসেম্বর, ২০২৫ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ৩৩%। সবগুলি পাইল, পাইল ক্যাপ ও পায়ার নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ২১টি পায়ার ক্যাপের মধ্যে ১৮টি পায়ার ক্যাপ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ৮০মি. বক্স গার্ডারের Bottom Slab নির্মাণ কাজস ম্পন্ন হয়েছে। বর্তমানে অবশিষ্ট ৩টি পায়ার ক্যাপ ও বক্স গার্ডার নির্মাণ কাজ চলমান রয়েছে। |
| ০৪ | বিন্দুর মোড় রেলক্রসিং-এ ফ্লাই ওভারনির্মাণ (পার্ট-এ)। | ১৬০.০১ | এপ্রিল, ২০২৭ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ১৭%। ১৯৭টি পাইলের মধ্যে ১০৪টি পাইলের কাজ সম্পন্ন হয়েছে। শালবাগান অংশে ২১টি পাইল ক্যাপের মধ্যে ২০টির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ৭টি পায়ার ও ৪টি পায়ার ক্যাপ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে অবশিষ্ট পায়ার ও পায়ার ক্যাপ নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>রেলস্টেশন ও নগর ভবন অংশে পাইলিং করার জন্য গ্যাসের লাইন স্থানান্তরের কাজ চলমান রয়েছে। |
| ০৫ | বিন্দুর মোড় রেলক্রসিং-এ ফ্লাইওভার নির্মাণ (পার্ট-বি)। | ৮৬.৪৯ | অক্টোবর, ২০২৬ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ০৮%। ৯৬টি পাইলের মধ্যে ৩২টি পাইলের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে স্থানীয় ব্যবসায়ীদের আপত্তি জনিত কারণে কাজটি স্থগিত আছে। |

**ভবন/অবকাঠামোনির্মাণ: প্যাকজেসংখ্যা ০৪টি**

| ক্র. নং | কাজেরনাম | চুক্তিমূল্য (কোটি টাকায়) | বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০১ | ৬ নং ওয়ার্ড কার্যালয় নির্মাণ। | ১৫.৪১ | ডিসেম্বর, ২০২৫ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ৬৫%। দুইটা বেজমেন্ট এবং ১ম ও ২য় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ৩য় তলার কলামের কাজ এবং গ্রাউন্ড ফ্লোর ও বেজমেন্ট-এর প্লাস্টার ও গাঁথুনির কাজ চলমান রয়েছে। |
| ০২ | নওদাপাড়া কাঁচা বাজার নির্মাণ। | ২৯.৯৩ | ডিসেম্বর, ২০২৫ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ৮০%। ২য় তলা ছাদ ঢালাই-এর কাজ চলমান। |
| ০৩ | শালবাগান কাঁচা বাজার নির্মাণ। | ৪১.৬৮ | ডিসেম্বর, ২০২৫ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ১৬%। ৪৪৬টি পাইলের মধ্যে ২৩৮ টি পাইলের কাজ সম্পন্ন হয়েছে। বাকি পাইলিং এর কাজ চলমানর য়েছে। |
| ০৪ | ভদ্রা কাঁচা বাজার নির্মাণ। | ৩৬.৭৩ | ডিসেম্বর, ২০২৫ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি০৮%। ৩৩৮টি পাইলের মধ্যে ৭৬টি পাইলের কাজ সম্পন্ন হয়েছে। |

- **এছাড়াও সড়ক, নর্দমা, ফুটপাত, বাউন্ডারীওয়াল ও সৌন্দর্য্যবর্ধন নির্মাণ কাজের সর্বমোট ২৬টি প্যাকজের কাজ চলমান রয়েছে। যার সর্বমোট চুক্তিমূল্য ১৫৪.০৩ কোটি টাকা।**

## ০২. "হযরত শাহমখদুম রুপোশ (র.) দরগাহ শরীফের উন্নয়ন"শীর্ষক প্রকল্পের মৌলিক তথ্য:

| | | |
|---|---|---|
| প্রকল্পব্যয় | : | মোট: ২৪৭৯.১৫ (লক্ষ টাকা)<br>জিওবি: ১৯৮৩.৩১ (লক্ষ টাকা)<br>নিজস্ব অর্থায়ন: ৪৯৫.৮৪ (লক্ষ টাকা) |
| প্রকল্পের মেয়াদ | : | ০১-০১-২০২২ থেকে ৩০-১২-২০২৫ |
| ভৌতঅগ্রগতি | : | ৫৫% |
| | | বর্ণিত প্রকল্পের আওতায় পূর্ত কাজের সর্বমোট ২টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়। ১টি প্যাকেজের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ১টি প্যাকেজের কাজ চলমান রয়েছে এবং ২টি প্যাকেজের দরপত্র আহ্বান কার্যক্রম চলমান রয়েছে। |
| আর্থিক অগ্রগতি | : | ১৩২৩.৭৫ লক্ষটাকা (৫৩%) |

**চলমান কাজের অগ্রগতি:**

**মসজিদ ও মাজার নির্মাণ: প্যাকেজ সংখ্যা ০১টি**

| ক্র. নং | কাজেরনাম | চুক্তিমূল্য (কোটি টাকায়) | বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০১ | Construction of Mosque & Mazar under The Project "Development of Hazrat Shah Mukdum (R) Dorga Sharif" at Rajshahi City | ১৬.৬৯ | ১৫.০৪.২০২৬ | নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ৩৫%। অস্থায়ী মসজিদ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে মূল মসজিদ ও মাজার নির্মাণ কাজ চলমান রয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | Corporation, Rajshahi. | | | |

**৩. "লোকাল গভারমেন্ট কোভিড-১৯ রেসপনস এ্যান্ড রিকভারি প্রজেক্ট"র মৌলিক তথ্য"**

| | | |
|---|---|---|
| প্রকল্পব্যয় | : | ৫৩.৮৬ কোটি টাকা |
| প্রকল্পে মেয়াদ | : | ০১-০১-২০২২ থেকে ৩০-১২-২০২৫ |
| ভৌতঅগ্রগতি | : | ৩৮% |
| | | বর্ণিত প্রকল্পের আওতায় পূর্ত কাজের ০৩টি প্যাকেজের কাজ চলমান রয়েছে এবং ৮টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। |
| আর্থিক অগ্রগতি | : | ১৯.০০ কোটি টাকা (৩৫%) |

- সড়ক ও ভবন নির্মাণ ০৩টি প্যাকেজের কাজ চলমান রয়েছে যার সর্বমোট চুক্তিমূল্য ৭.৯৮ কোটি টাকা।
- গত ০৯ডিসেম্বর ২০২৪ তারিখে ৮টি প্যাকেজের বিপরীতে প্রাপ্ত দরপত্রসমূহ ৮জন নিম্নদরদাতাকে দও বিশ্লেষণ (রেটঅ্যানালাইসিস) চেয়েপত্র দেওয়া হয়েছে। ০৯ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত ৭টির বিশ্লেষণ (রেটঅ্যানালাইসিস) এবং ১টির সময় বৃদ্ধির আবেদন পাওয়া গেছে। সেগুলি যাচাই-বাছাই করা হচ্ছে।
- এছাড়াও মাঠ পর্যায়ে ২৬টি প্যাকেজের কাজ চলমান আছে। বেশিরভাগ কাজ স্থানীয় এলাকাবাসীর আপত্তিতে বন্ধ বা ধীরগতি লক্ষ করা যাচ্ছে।

৯। বিবিধ।

(ক) i) ক্রপ সাইন্স এন্ড টেকনোলজি বিভাগের ১ম এলামনাই এ্যাসোসিয়েশন অনুষ্ঠানের জন্য ৫০০(পাঁচশত) পিস মগ বাদদ ১,৪০,০০০.০০ (এক লক্ষ চল্লিশ হাজার) অনুদান।

ii) অমর একুশে বই মেলা সৃজনশীল পণ্য প্রদর্শণী ও জাতীয় সাংস্কৃতিক উৎসব ২০২৫ এর জন্য অনুদান।

iii) আব্দুল্লা নামক ব্যক্তির চক্ষু চিকিৎসার জন্য আর্থিক অনুদান।

iv) কিশোর ফুটবল একাডেমির মাসিক আর্থিক অনুদান ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা মাসিক অনুদান।

v)আর্কাইভ হেরিটেজ বাংলাদেশ এর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি ব্যয় বাবদ ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা মাসিক অনুদান।

vi) ফিরোজ কবির ফুটবল একাডেমির মাসিক আর্থিক অনুদান ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাসিক অনুদান।

vii) সাধারন প্রশাসনিক শাখার দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীর অপারেশন বাবদ আর্থিক অনুদান ৭০,০০০.০০ (সত্তর হাজার) টাকা

viii)কঞ্জারভেন্সী বিভাগের দৈনিক মজুরীভিত্তিক ঝাড়ুদার এর আর্থিক অনুদান।

ix) আরফাত রহমান কোকো স্মৃতি টি ২০ ক্রিকেট টুর্নামেন্টের আর্থিক সাহার্য্য প্রসঙ্গে।

x) জনাব মোঃ নবাব আলী, দৈনিক মজুরীভিত্তিক সুপারভাইজার, কঞ্জারভেন্সী বিভাগের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য।

xi) মোসাঃ পারভিন দৈনিক মজুরীভিত্তিক ঝাড়ুদার, কঞ্জারভেন্সী বিভাগের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য।

xii) মোসাঃ সাবানা, দৈনিক মজুরীভিত্তিক এশ এল এস এস, জনস্বাস্থ্য বিভাগের মেয়ের বিয়ের জন্য আর্থিক সাহায্য।

খ) রাজশাহী কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানার আগত দর্শনাথীদের মন্তব্যের প্রেক্ষিতে এবং আকর্ষনীয় করার লক্ষ্যে নিম্নবর্নিত সুপারিশ সমূহঃ

i) মীরপুর ঢাকা জাতীয় চিড়িয়াখানা হতে ৪ (চার) টি ময়ূর অনুদান হিসেবে পাওয়া যাবে এবং ৪ (চার) টি ময়ূর ক্রয় করতে হবে। প্রতিটি ময়ূর ২৫,০০০.০০ (পচিশ হাজার) টাকা করে (২৫,০০০.০০ × ০৪) = ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ব্যয় হবে। ময়ূর রাখার জন্য খাচা তৈরী করা প্রয়োজন। খাচা তৈরীর জন্য প্রকৌশল বিভাগ ব্যবস্থা নিবেন।

ii) জরুরী ভিত্তিতে রঙ্গিন ডেউটিন ও লোহার এ্যাঙ্গেল দিয় কমপক্ষে ০৭ টি পিকনিক স্পট ও চুলা নির্মান করা প্রয়োজন।

iii) বিভিন্ন প্রজাতির ৫০০ (পাঁচশত) টি পাখি ক্রয় করা যেতে পারে। প্রতিটি পাখি ৫০০.০০ (পাঁচশত) টাকা হিসেবে খরচ হবে (৫০০ টি × ৫০০.০০) = ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত পাখি রাখার জন্য খাচা তৈরী করা প্রয়োজন। খাচা তৈরীর জন্য প্রকৌশল বিভাগ ব্যবস্থা নিবেন।

iv) বড় বড় কয়েকটি একুরিয়াম স্থাপন করে তাতে রঙ্গিন মাছ প্রদর্শনের ব্যবস্থা করা যেতে পারে।

গ) রাজশাহী কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানার অভ্যন্তরে অফিস কার্যালয়ে থাই এ্যালুমেনিয়ামের দরজা ও জানালা, পার্কের অভ্যন্তরে টয়লেট সমূহ ও মসজিদের সংস্কার কাজে প্রাক্কলিত ব্যয় ৪,৩৪,৪৫৫.৯৪ (চার লক্ষ চৌত্রিশ হাজার চারশত পঞ্চান্ন টাকা চুরানব্বই পয়সা) টাকা ব্যয় সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

১০। ২৩-০১-২০২৫ তারিখে অনুষ্ঠিত শিক্ষা, স্বাস্থ্য পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সুপারিশসমূহ ঃ

(১) হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (এচইপিভি) টিকাদান ক্যাম্পেইন ২০২৪ ৯৭% ফলাফল অর্জিত হয়েছে।

(২) সিটি হাসপাতালে ০১টি “মাইক্রোস্কোপ মেশিন” ও ০১টি “ল্যাবরেটেটর মেশিন” ক্রয়ের সুপারিশ

(৩) ২৩টি ইপিআ্ই সুপারভাইজার পদ বাজেট অন্তর্ভুক্তিকরণ ও পদায়য়ের সুপারিশ।